সংবাদ

তারিখ 31 DEC 2015
পৃষ্ঠা ৪ কলাম ৪

# মাদ্রাসার শিক্ষার্থীরাও মেডিকেল ইঞ্জিনিয়ারিংয়ে পড়াশোনার সুযোগ পাচ্ছে —শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ধর্মীয় মূল্যবোধ অক্ষুণ্ণ রেখে মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, মাদ্রাসা শিক্ষায় সিলেবাসের ব্যাপক সংস্কারের ফলে মাদ্রাসার শিক্ষার্থীরা এখন মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্সসহ বিভিন্ন আধুনিক বিষয়ে ভর্তির সুযোগ পাচ্ছে।

তিনি গতকাল রাজধানীর কাকরাইলে জাতীয় স্কাউট ভবনে নতুন সৃষ্ট মাদ্রাসা শিক্ষা অধিদফতরে মতবিনিময় সভায় এ কথা বলেন।

মাদ্রাসা শিক্ষা অধিদফতরের মহাপরিচালক বিল্লাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন শিক্ষা সচিব সোহরাব হোসাইন, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান একেএম সায়েফ উল্যা এবং জমিয়াতুল মোদাররেছিনের মহাসচিব সাব্বির আহমদ মোমতাজী।

শিক্ষামন্ত্রী আরও বলেন, দ্বীনি শিক্ষার সাথে আধুনিক শিক্ষার সমন্বয়ের মাধ্যমে সরকার মাদ্রাসা শিক্ষাকে এমন এক পর্যায়ে উন্নীত করতে চায়, যাতে মাদ্রাসায় শিক্ষিতরাও প্রশাসনসহ সর্বত্র সমান যোগ্যতায় ভূমিকা রাখতে পারে।

শেখ হাসিনার সরকার ইতোমধ্যে সারাদেশে এক হাজার ১৩০ টি মাদ্রাসায় নতুন ভবন নির্মাণ করেছে এবং আরও ১৮শত মাদ্রাসায় নতুন ভবন নির্মাণে প্রকল্প গ্রহণ করেছে বলে জানান নুরুল ইসলাম নাহিদ।

তিনি বলেন, বিএনপি-জামায়াত সরকার ইসলামের নাম ভাঙ্গিয়ে ক্ষমতায় আসলেও দেশে নতুন একটি মাদ্রাসা ভবনও নির্মাণ করেনি।

মন্ত্রী জানান, শেখ হাসিনার সরকার মাদ্রাসায় অনার্স কোর্স চালু করেছে, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় এবং মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছে। মাদ্রাসায় শিক্ষিতদের জন্য মধ্যপ্রাচ্যের দেশসমূহে কর্মসংস্থানে সরকার নানা পদক্ষেপ গ্রহণ করেছে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী মাদ্রাসা শিক্ষা অধিদফতরের ওয়েবসাইট (www.dmc.gov.bd) উদ্বোধন করেন।